যুগান্তর

তারিখ 28 MAR 2018
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

# মাদ্রাসায় জাতীয় সঙ্গীত বাধ্যতামূলক না করার রিট খারিজ

যুগান্তর রিপোর্ট

মাদ্রাসায় জাতীয় সঙ্গীত গাওয়া বাধ্যতামূলক করে সরকারের সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট 'উত্থাপিত হয়নি' মর্মে খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। মঙ্গলবার বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি মো. আতাউর রহমান খানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালত বলেছেন, স্কুলের শিক্ষার্থীরা জাতীয় সঙ্গীত গাইবে আর মাদ্রাসার শিক্ষার্থীরা গাইবে না— এটা হতে পারে না। আদালত বলেন, আগে তো মাদ্রাসার সিলেবাসে অঙ্ক, ইংরেজি, বিজ্ঞান বিষয় অন্তর্ভুক্ত ছিল না। যুগের চাহিদা অনুযায়ী সে বিষয়গুলো অন্তর্ভুক্ত হয়েছে। ইসলাম ধর্ম ডে বাই ডে উন্নত হচ্ছে। প্রকারান্তরে মাদ্রাসার শিক্ষার্থীদের পিছিয়ে দিতেই এ রিট করা হয়েছে। শুনানিতে ছিলেন আইনজীবী তৈমুর আলম খন্দকার। রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। তৈমুর আলম রিটের পক্ষে যুক্তি দেখিয়ে শুনানিতে বলেন, ১৯৭৮ সালের বিধান অনুসারে কেবল স্কুলেই দিনের শুরুতে জাতীয় সঙ্গীত গাওয়া হবে, মাদ্রাসায় নয়।